দৈনিক ইত্তেফাক

তারিখ 22 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবির 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার অনুষ্ঠিত হচ্ছে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৭০টি কেন্দ্রে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউটসহ ক্যাম্পাসের বাইরের কেন্দ্রগুলো হলো বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, ঢাকা কলেজ এবং ইডেন কলেজ। এ বছর ২,৩৬৩টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ৩২,৭৪৯ জন।

পরীক্ষাটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার হলে মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেক্ট্রনিক ডিভাইস/যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবেন বলে সূত্র জানিয়েছে।